

ফেব্রুয়ারিতে ২ দিনের ফ্লাইট বাতিল এয়ার চায়নার

- A Monitor Desk Report

Date: 13 January, 2026



ঢাকাঃ চীনের বেইজিং থেকে ঢাকা রুটের ২দিনের ১৭ ও ১৯ ফেব্রুয়ারি ফ্লাইট বাতিল করেছে এয়ার চায়না।

সোমবার (১২ জানুয়ারি) এক বার্তায় এয়ার চায়না জানায়, অপারেশনাল কারণে আগামী ফেব্রুয়ারিতে এয়ার চায়নার দুটি আন্তর্জাতিক ফ্লাইট বাতিল করা হয়েছে। তবে ঠিক কী কারণে ফ্লাইটগুলো বাতিল করা হয়েছে, সে বিষয়ে বিস্তারিত জানানো হয়নি।

তারা জানায়, বাতিল হওয়া ফ্লাইট দুটির কারণে ফ্লাইটটি বেইজিং থেকে আর ঢাকা আসবে না। তাই ঢাকা থেকে বেইজিংগামী ফ্লাইটটিও বাতিল হবে।

ফ্লাইট বাতিলের ফলে যাত্রীদের ভোগান্তির জন্য দুঃখ প্রকাশ করেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। যাত্রীদের রিবুকিং, টিকিটের মূল্য ফেরত বা অন্যান্য সহায়তার জন্য সংশ্লিষ্ট ট্রাভেল এজেন্সি বা এয়ারলাইনের কাস্টমার সাপোর্টে যোগাযোগ করতে বলা হয়েছে।

-B